

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
রাজশাহী

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মহান বিজয় দিবস উদযাপন

রাজশাহী/ ১৬-১২-২০১৬

দেশের অন্যান্য স্থানের ন্যায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডও বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে মহান বিজয় দিবস'২০১৬ উদযাপন করে। সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিনের কর্মসূচি শুরু হয়। অনেক রক্তের বিনিময়ে অর্জিত এই মহান দিবস পালন উপলক্ষে বোর্ড প্রধান কার্যালয় বর্ণিল আলোক সজ্জায় সজ্জিত করা হয়।

রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক আনিস-উল-হক ভূইয়া এর নেতৃত্বে সকালে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রা শেষে সকাল ৭.৪৫ ঘটিকায় ভুবন মোহন পার্কে রেশম উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে বীর শহীদদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

শোভাযাত্রায় অন্যান্যদের মধ্যে বোর্ডের সদস্য(অর্থ ও পরিকল্পনা) মো: কামালউদ্দীন, সদস্য(সম্প্র: ও প্রেষণা) মো: নাজীবুল ইসলাম, সদস্য(উৎপাদন ও বাজারজাতকরণ), মো: সেরাজুল ইসলাম, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এর পরিচালক মো: জামালউদ্দিন শাহ, শোভাযাত্রার প্রধান সমন্বয়ক মো: জায়েদুল ইসলাম, সচিব এবং সিবিএ সভাপতি মো: আবু সেলিমসহ বোর্ডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/১৬-১২-২০১৬

(সুমন ঠাকুর)

জনসংযোগ কর্মকর্তা

মোবাইল: ০১৭৩১৫০৮৪৭৭

ইমেইল: [suar30.4@gmail.com](mailto:suar30.4@gmail.com)

বি:দ্র: ছবি ই-মেইল করা হয়েছে।